40

দৈনিক সংবাদ

তারিখ ০1 MAY 199[illegible]
পৃষ্ঠা ২ কলাম ৪

# পরীক্ষা যেন যুদ্ধ □ ম্যাজিস্ট্রেট ছুরিকাহত শিক্ষক প্রহৃত, পরীক্ষার্থী গুলিবিদ্ধ

## □ এইচএসসির দ্বিতীয় দিনে বহিষ্কার ৫ হাজার

নিজস্ব বার্তা পরিবেশক ।। এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে দেশের বিভিন্ন স্থানে পরীক্ষার্থীদের সঙ্গে পুলিশের ব্যাপক সংঘর্ষ হয়েছে। কুলিয়ারচর পরীক্ষা কেন্দ্রে একজন ম্যাজিস্ট্রেট ছুরিকাহত হয়েছেন। মেলান্দহ সরকারি কলেজ কেন্দ্রে নকল প্রতিরোধ করতে গিয়ে ২ জন প্রভাষক প্রহৃত হয়েছেন। ভাঙচুর হয়েছে জলঢাকা কলেজ কেন্দ্র, চাঁদপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রে। সাতকানিয়ায় ৪ জন পরীক্ষার্থী গুলিবিদ্ধ হয়।

গতকাল সারাদেশে অসদুপায় অবলম্বনের দায়ে ৪ হাজার ৮শ' ৮৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। বিভিন্ন বোর্ড থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ঃ ঢাকা শিক্ষা বোর্ডে বহিষ্কারের সংখ্যা ১ হাজার ৫শ' ৬১, রাজশাহী বোর্ডে ২ হাজার ১৮, চট্টগ্রাম বোর্ডে ৩শ' ২১ জন, যশোরে ৪শ' ৯৮ এবং কুমিল্লা বোর্ডে ৪শ' ৮৫ জন।

ঢাকা বোর্ডের অধীন ১৬টি জেলার মধ্যে বহিষ্কার ঢাকা মহানগরীতে ৩৬ জন, গাজিপুরে ১শ' ১, নারায়ণগঞ্জ ৭৬, নরসিংদী ৫৭, মুন্সিগঞ্জ ৬১, মানিকগঞ্জ ৩৮, টাঙ্গাইল ৯৭, ময়মনসিংহ ১শ' ৩৬. পরীক্ষা ঃ পৃঃ ৭ কঃ ২

## পরীক্ষা ঃ যেন যুদ্ধ

( ১ম পৃষ্ঠার পর )

জামালপুর ৯৬, শেরপুর ৭১, কিশোরগঞ্জ ২শ' ৩২, নেত্রকোনা ২শ' ৮৩, ফরিদপুর ৮৯, রাজবাড়ি ১১, মাদারিপুর ১শ' ৬১, শরিয়তপুরে ২০।

**চট্টগ্রাম ঃ** সাতকানিয়া থানার জাফর আহমদ চৌধুরী কলেজ কেন্দ্রে ছাত্র–পুলিশ সংঘর্ষে চারজন পরীক্ষার্থী গুলিবিদ্ধসহ ১৫/২০ জন আহত হয়েছে।

গতকাল বেলা একটার দিকে সাতকানিয়া থানার জাফর আহমদ চৌধুরী কলেজ পরীক্ষা কেন্দ্রে একজন পরীক্ষার্থীকে বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে ছাত্র–অভিভাবকরা কলেজের আসবাবপত্র ভাঙচুর করে। এ সময় কর্তব্যরত ম্যাজিস্ট্রেটকে লাঞ্ছিত করার জন্য ছাত্র–অভিভাবকরা এগিয়ে এলে ম্যাজিস্ট্রেট পুলিশকে গুলি করার নির্দেশ দেন।

**ভৈরব ঃ** কুলিয়ারচর ডিগ্রি কলেজ কেন্দ্রে মোখলেছুর রহমান নামে এক ছাত্রকে নকল করার দায়ে বহিষ্কার করায় কর্তব্যরত ম্যাজিস্ট্রেট সাইফুল ইসলামকে উক্ত ছাত্র পরীক্ষার হলেই ছুরিকাঘাত করে। ম্যাজিস্ট্রেটকে চিকিৎসার জন্য দ্রুত হাসপাতালে পাঠানো হয়। কুলিয়ারচর থানায় এ ব্যাপারে মামলা হয়েছে। পুলিশ ৮ জনকে গ্রেফতার করেছে। এ ঘটনার পর নিরাপত্তার অভাবে কেন্দ্রে কর্তব্যরত হাজী আজমত কলেজের শিক্ষকরা পরীক্ষার হল ত্যাগ করেন।

**ময়মনসিংহ ঃ** ময়মনসিংহ শহরে মুমিনুন্নেসা সরকারি মহিলা কলেজ কেন্দ্রে সোহেল নামে এক ছাত্রকে অসদুপায় অবলম্বের জন্য বহিষ্কার করা হলে উচ্ছৃংখল ছাত্ররা কেন্দ্রে হামলা চালায়। এ সময় পুলিশ ও ছাত্রদের মধ্যে ধাওয়া–পাল্টা ধাওয়া হয়। এক পর্যায়ে পুলিশ ব্যাপক লাঠিচার্জ করে। এতে ২ জন পুলিশসহ ১৫ জন আহত হয়। শনিবার জেলা প্রশাসক ঈশ্বরগঞ্জ ও নান্দাইল পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরীক্ষা কেন্দ্রে শিক্ষকদের কার্যকলাপে তিনি অসন্তোষ প্রকাশ করেন। রাতে একদল ছাত্র মুমিনুন্নেসা কলেজের অধ্যক্ষের বাসভবনে ককটেল ফাটায়। নাসিরাবাদ কলেজ কেন্দ্র থেকে পরীক্ষা দিয়ে ফিরে আসার সময় ছাত্ররা মুমিনুন্নেসা কলেজের ছাত্রীদের প্রতি অশোভন আচরণ করে এবং হুমকি দেয়।

**পিরোজপুর ঃ** কাউখালি পরীক্ষা কেন্দ্রে থানা নির্বাহী কর্মকর্তা ৪৪ জন ছাত্রকে বহিষ্কার করেন। প্রতিবাদে ছাত্ররা বিক্ষোভ করে এবং কাউখালি থানা নির্বাহী কর্মকর্তা আসাদুল হককে ধাওয়া করে। তিনি আত্মরক্ষার্থে অধ্যক্ষের কার্যালয়ে আশ্রয় নেন। পুলিশ ব্যাপক লাঠিচার্জ করলে ৭/৮ জন ছাত্র আহত হয়।

**শেরপুর ঃ** শেরপুর সরকারি কলেজ কেন্দ্রে ছাত্র–পুলিশ সংঘর্ষে ২০ জন পুলিশসহ কমপক্ষে ৩০ জন আহত হয়েছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গুলিবর্ষণ ও টিয়ার গ্যাস ব্যবহার করেছে। এই কেন্দ্রে ৩৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

গতকাল দুপুর সাড়ে বারোটার দিকে শেরপুর সরকারি কলেজ ছাত্র সংসদের ভিপি মনোয়রুল ইসলাম ও প্রাক্তন ভিপি জেহাদ [illegible] পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করলে কেন্দ্রে অবস্থানরত জেলা প্রশাসক ও পুলিশ সুপার তাদের সাথে দুর্ব্যবহার করেন বলে ছাত্র নেতারা জানান। ছাত্রলীগের এই নেতার সাথে তাদের [illegible] বিতণ্ডা হয়। পরীক্ষাশেষে এ খবর ছড়িয়ে পড়লে ছাত্রদের মাঝে উত্তেজনার সৃষ্টি হয়। বিক্ষুব্ধ ছাত্ররা পুরো কলেজ ক্যাম্পাস ঘেরাও করে ফেলে এবং ডিসি, এসপি ও এডিএমসহ [illegible] কর্মকর্তাদের [illegible]

সময় ছাত্ররা পুলিশের প্রতি ব্যাপক ইট–পাটকেল নিক্ষেপ এবং একটি জিপ ভাঙচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ১১ রাউন্ড ফাঁকা গুলি, ৬ রাউন্ড রাবার বুলেট ও ৩১ রাউন্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করে।

**নীলফামারী ঃ** জেলার জলঢাকা ডিগ্রি কলেজ পরীক্ষা কেন্দ্র ভাঙচুর করা হয়। এ সময় পুলিশের সাথে সংঘর্ষে প্রায় ১০জন আহতহয়েছে।

এই কেন্দ্রে বহিষ্কারের খবর ছড়িয়ে পড়লে বাইরে অপেক্ষমাণ কয়েকশ' উচ্ছৃঙ্খল লোক কেন্দ্রে হামলা চালিয়ে কয়েকটি কক্ষের দরজা–জানালা ভাঙচুর করে।

**জামালপুর ঃ** জেলার মেলান্দহ সরকারি কলেজ কেন্দ্রে নকল প্রতিরোধ করতে গিয়ে দু'জন প্রভাষক পরীক্ষার্থীর হাতে প্রহৃত হয়েছেন। প্রভাষকদ্বয় হচ্ছেন রতন কুমার সাহা ও সেলিম তালুকদার। এরা দু' জনই মেলান্দহ সরকারি কলেজের শিক্ষক। কলেজ কেন্দ্রের আবু সামা নামের একজন পরীক্ষার্থীর (রোল নং– ৩৯২১৮২) নকল ঠেকাতে গেলে পরীক্ষার্থী তার দলবল নিয়ে প্রভাষকদের ওপর হামলা চালায়।

**চাঁদপুর ঃ** ইংরেজি দ্বিতীয় পর্বের পরীক্ষাশেষে চাঁদপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রের নিচতলার তিনটি কক্ষে ও দ্বিতীয় তলার একটি কক্ষে ভাঙচুর হয়েছে।

পরীক্ষায় নকল করতে না দেয়ায় কতিপয় বিক্ষুব্ধ ছাত্রী পরীক্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই ভাঙচুর চালায়। এ সময় তারা ইটপাটকেলও নিক্ষেপ করে।

**গৌরীপুর ঃ** গতকাল গৌরীপুরে নকলের কপি ফটোস্ট্যাট করতে অস্বীকার করায় কয়েকজন যুবক একটি ফটোস্ট্যাটের দোকান ভাঙচুর করেছে।

**লালমনিরহাট ঃ** লালমনিরহাট সরকারি কলেজ কেন্দ্রে ছাত্র–পুলিশ সংঘর্ষ, লাঠিচার্জ ও টিয়ার গ্যাস নিক্ষেপের ঘটনা ঘটেছে। পরীক্ষা শেষে বহিষ্কৃত ও বহিরাগতরা মিলে পুলিশকে সরকারি কর্মকর্তাদের ঘেরাও করে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে প্রথমে লাঠিচার্জ করে এবং পরে ৪ রাউন্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করে। পুলিশ ঘটনাস্থল থেকে মমিনুর রশিদ নামে তৃতীয় বর্ষের একজন ছাত্রকে আহত অবস্থায় গ্রেফতার করেছে।

**রাজশাহী ঃ** রাজশাহীতে পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষে ৭ জন আহত হয়েছে।

রাজশাহী মহানগরীর বরেন্দ্র কলেজ কেন্দ্রে ম্যাজিস্ট্রেট শাহজাহান একজন ছাত্রকে বহিষ্কার করার পর সেখানে কেন্দ্রের বাইরে পুলিশ ও নকল সরবরাহকারীদের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় বেশ কয়েক দফা ধাওয়া–পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

**চুয়াডাঙ্গা ঃ** চুয়াডাঙ্গার নিজস্ব সংবাদদাতা জানান, দর্শনায় পরীক্ষায় নকল প্রতিরোধে কড়াকড়ি আরোপ করায় উচ্ছৃঙ্খল যুবকরা দর্শনা সরকারি কলেজ কেন্দ্র ভাঙচুর করেছে। পরীক্ষা শেষ হওয়ার পরপরই কলেজের আসবাবপত্র ভাঙচুর করা হয়।

**সাতক্ষীরা ঃ** নকল করতে বাধা দেয়ায় কলারোয়ার শেখ আমানউল্লাহ কলেজের তিনজন প্রভাষক পরীক্ষার্থীদের হাতে প্রহৃত হয়েছেন। প্রতিবাদে প্রভাষকরা দায়িত্ব পালন না করার সিদ্ধান্ত নিয়েছেন।

**নারায়ণগঞ্জ ঃ** গতকাল দুপুরে কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের সাথে দুর্ব্যবহার ও শৃংখলা ভঙ্গের অভিযোগে [illegible]